রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ৭, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**

**পরিকল্পনা শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ২৩ আষাঢ় ১৪২২ বঙ্গাব্দ/০৭ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ

**নং ২৫.০৩২.১৪.০০.০০.০০৯.২০১৫-১৬৬**—Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 73 এ প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর এখতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকায় ডিটেইল্ড এরিয়া প্ল্যান (DAP) প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়, যা মন্ত্রিসভার অনুমোদনক্রমে এসআরও নং ২৩২-আইন/২০১০, তারিখ ২২ জুন ২০১০ মূলে সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন হিসেবে প্রকাশিত হয়।

২। অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-১১৯, তারিখ ২৮ জুন ২০১০ এর মাধ্যমে রাজউক কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-৬৪, তারিখ ০১ এপ্রিল ২০১৪ এর মাধ্যমে উক্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করা হয়।



মূল্য ঃ টাকা ৪.০০

৩। মন্ত্রিসভা কমিটির ২২ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ সভায় ঢাকা জেলার বাড্ডা, ভাটারা ও খিলক্ষেত থানাধীন জোয়ার সাহারা, ভাটারা, বড় কাঠালদিয়া, বড় বেরাইদ, ডুমনী, বরুয়া, ছোট বেরাইদ, পাতিরা ও সাতারকুল মৌজায় অবস্থিত ইস্ট ওয়েস্ট প্রপার্টি ডেভেলপমেন্ট (প্রাঃ) লিঃ এর বসুন্ধরা আবাসিক প্রকল্পের ড্যাপে চিহ্নিত ভূমি ব্যবহার শ্রেণী Urban Residential Zone এ পরিবর্তনের আবেদন নিম্নোক্ত শর্ত পূরণ সাপেক্ষে অনুমোদন করা হয়, যা এতদ্বারা প্রকাশ করা হলো ঃ

**শর্ত :** CEGIS কর্তৃক দাখিলকৃত EIA, TIA ও Water Modeling প্রতিবেদনের সুপারিশ সংশ্লিষ্ট আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

৪। উল্লেখ্য, ইস্ট ওয়েস্ট প্রপার্টি ডেভেলপমেন্ট (প্রাঃ) লিঃ এর বসুন্ধরা আবাসিক প্রকল্পের আবেদনে উল্লিখিত ভূমির তফসিল ও সীমানা চিহ্নিত নকশা রাজউক এর পরিকল্পনা শাখায় সংরক্ষিত আছে। উল্লিখিত ভূমির শ্রেণী পরিবর্তনের বিষয়ে জমির দাগভিত্তিক অবস্থান রাজউক পরীক্ষা-নিরীক্ষা করে বিধি-বিধানের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং উল্লিখিত শর্ত প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম মোছাদ্দেক**
সিনিয়র সহকারী প্রধান।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd